নোট

# 514
# অভ্যাসগত পাঠদান

## 1.0. সূচনা :

D. El. Ed কর্মসূচী আপনাকে শিক্ষকতা পেশার সঠিক দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে সমর্থ করবে এবং অভ্যাসগত পাঠদানের মাধ্যমে আপনাকে শিক্ষকতা দক্ষতার সর্বোচ্চস্তরে উন্নীত হতে সাহায্য করবে। অভ্যাসগত পাঠদানের মূল উদ্দেশ্য হল :

(i) সুপাঠ টীকা রচনার কৌশল অর্জন করা।

(ii) পরিকল্পনা অনুযায়ী কার্যকরীভাবে পাঠ দানের দক্ষতা অর্জন করা ঘটনাক্রমে উপরোক্ত দুটি উপাদান খুবই গুরুত্বপূর্ণ এবং অত্যাবশ্যক শিক্ষণ-শিখনের ক্ষেত্রে এবং উপরোক্ত দুটি উপাদানের ব্যবহারের ফলে আপনি সুদক্ষ শিক্ষক হয়ে উঠবেন। একনিষ্ঠভাবে অনুশীলনের মাধ্যমে আপনি উপাদানগুলিকে ধনাত্মকভাবে অর্জন করতে পারবেন। অভ্যাসগত পাঠদান অনুশীলনকে শিক্ষকতা পেশার ভিত্তি প্রস্তর বলে মনে করা হয়। 40টি অভ্যাসগত পাঠদান আপনার মতো শিক্ষক-প্রশিক্ষণার্থীকে সুযোগ করে দেয় সার্থকতার স্তরে শিক্ষকতা দক্ষতাকে পৌঁছে দিতে। পেশার প্রতি ভালোবাসা, প্রবল মানসিক ইচ্ছা, ক্রমাগত অনুশীলন অবশ্যই ভালো ফলের ছপরয় হন। বলা যায় অনুশীলন ব্যক্তিকে ত্রুটিহীন করে তোলে, সেইকারণে পাঠদানের অনুশীলন নির্ভুলতা অর্জন করতে শিক্ষককে সাহায্য করে।

অভ্যাসগত পাঠদান 8 ক্রেডিট ধরা হয়, সেটি আপনার কর্মক্ষেত্রে 240 ঘণ্টার সমতুল্য।

## 2.0. অভ্যাসগত পাঠদান অনুশীলনের সঙ্গে সম্পর্কিত উপাদান :

পাঠদানের কার্যকারিতা বিভিন্ন উপাদানের সঙ্গে সংযুক্ত। নিম্নে তাদের মধ্যে কিছু সংখ্যক সংক্ষেপে আলোচনা করা হল, যেগুলি অভ্যাসগত পাঠদান চলাকালীন অত্যাবশ্যক। আপনি শিক্ষকপ্রশিক্ষকনার্থী হিসাবে এগুলি সম্পর্কে সচেতন থাকবেন এবং সঠিকভাবে কার্যে রূপায়ন করবেন।

## 2.1. তাত্বিক এবং ব্যবহারিক পাঠদান :

একজন কার্যকরী শিক্ষক হিসাবে আপনার নিরবিচ্ছিন্নভাবে অনুশীলন প্রয়োজন। কেবলমাত্র তাত্ত্বিক জ্ঞান, সময় শেষে পরীক্ষায় ভালো নম্বর এবং বিদ্যালয় ভিত্তিক কার্যাবলী এবং অভ্যাসগত পাঠদানে অংশগ্রহণ যান্ত্রিকভাবে আপনাকে একজন সুশিক্ষক হিসাবে প্রতিষ্ঠিত হতে সাহায্য করবে না। প্রচুর তাত্ত্বিক জ্ঞান এবং অনুশীলনের মাধ্যমে অভিজ্ঞতা অর্জন আপনার শক্তির প্রকাশ ঘটাতে সাহায্য করবে আপনি পরামর্শদাতা বা অধীক্ষকের পর্যবেক্ষণ ও ফিড্‌ব্যাকের মাধ্যমে সমৃদ্ধ হয়ে উঠবেন। আপনার দুর্বলতাগুলি সংশোধিত করে তুলবে। আপনি একজন সঠিক শিক্ষক হয়ে উঠবেন।

## 2.2. পাঠদান বিষয় এবং পদ্ধতি :

পাঠদান হল বিষয়ভিত্তিক অংশের বন্ধুত্বপূর্ণভাবে শিক্ষার্থীদের পরিবেশন করা। সত্যিকারের

নোট

শিক্ষণ বলতে কার্যকরীভাবে কিছু দেবার পর সুফল পাওয়া (অর্থপূর্ণ এবং স্থায়ী শিখন)। কি শেখানো হবে বলতে বোঝায় সূচীপত্র এবং কেমন করে শেখানো হবে, কাকে শেখানো হবে এবং অন্যান্য কতকগুলি দিক নিয়ে শিক্ষণের পদ্ধতি। সমগ্র বিষয়ের উপর। আধিপত্য এবং অভিজ্ঞতা অর্জন এবং সঠিক শিক্ষণ কৌশল গ্রহণ সমস্ত প্রভাবশালী উপাদানের সমন্বয়ে, এই দুটি গুণাবলী হল একজন সুশিক্ষকের বৈশিষ্ট্য।

পেশাগত নৈতিকতা এবং শিক্ষামূলক সততা থেকে একজন ব্যক্তি উঁচু শ্রেণীর বিষয় শিক্ষকের এবং অভিজ্ঞ ব্যক্তির কাছ থেকে শিখে নিজ জ্ঞান বৃদ্ধি করতে পারেন। এই সমস্ত পদক্ষেপ একজন দুর্বল শিক্ষক থেকে ভালো শিক্ষক হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারেন।

শুধুমাত্র বিভিন্ন পদ্ধতির উপর তাত্ত্বিক জ্ঞান এবং বিষয়ের উপর শিক্ষণ কৌশল জানলেই ভালো শিক্ষক হওয়া যায় না। আপনাকে সঠিক পদ্ধতি এবং কৌশল পছন্দ করতে হবে এবং সঠিক পরিস্থিতি, সঠিক সময় এবং সঠিকভাবে সেটিকে প্রয়োগ করতে হবে। শিক্ষার্থীর পারদর্শিতার স্তর এবং বিষয়ের কাঠিন্যের মান অনুসারে পাঠদান করতে পারলেই আপনি সুশিক্ষক হবেন।

## 2.3. পাঠদান একটি কলা অন্যদিকে বিজ্ঞান :

শিক্ষণ একাধারে কলা, শ্রেণীকক্ষে যখন একজন শিক্ষক যখন পাঠদান করেন তখন তার আচরণে নিম্নলিখিত শিল্পীসুলভ কার্যকারিতা দেখা যায় যেমন—

(i) কোথায় দাঁড়াবেন

(ii) কেমনভাবে বক্তব্য রাখবেন (কথা বলার ধরণ এবং স্বর পরিবর্তন)

(iii) বাস্তব জীবন পরিস্থিতির সঙ্গে কিভাবে বিষয়বস্তুর সংযোগ স্থাপন করবেন।

(iv) কোথায় দাঁড়াবেন যখন শিক্ষার্থীরা অর্থপূর্ণভাবে কাজে নিজেদের ব্যাপৃত রাখবেন।

(v) কিভাবে শিক্ষার্থীদের চিন্তা করতে শেখাবেন।

(vi) কেমনভাবে কৃষ্ণফলক বা সাদাফলক এবং অন্যান্য প্রদীপনের ব্যবহার করতে হবে।

(vii) শিক্ষার্থীদের প্রশ্ন জিজ্ঞাসাকরণে কিভাবে উৎসাহ দেবে।

(viii) অঙ্গভঙ্গি এবং অবস্থান এবং কিছু কার্যকারিতা

**মনে রাখার বিষয় :** এইগুলি হল পদ্ধতিগত কিন্তু অত্যাবশ্যক কার্যকারিতা।

শিক্ষণ হল বিজ্ঞান যেখানে জ্ঞান এবং দক্ষতা উল্লেখ করা হয়। যেমন—

(i) পাঠ পরিকল্পনা

(ii) একক থেকে শিক্ষণ বিন্দু সনাক্তকরণ

(iii) এককের সাথে যুক্ত সাধারণ এবং শিখন উদ্দেশ্যসমূহ গঠন।

(iv) শিক্ষার্থীর উপযুক্ত বিষয় পছন্দ এবং বন্ধুত্বপূর্ণ শিখন।

(v) শিখন অভিজ্ঞতাসমূহ গঠন

(vi) শ্রেণীকক্ষের উপযোগী প্রশ্ন তৈরী এবং প্রদান করা।

(vii) শিক্ষার্থীর নিকট হতে আগত প্রশ্নের উত্তরদানের জন্য তাদের সঙ্গে সংযোগস্থাপন।

(viii) মূল্যায়নের জন্য বিভিন্ন অভীক্ষাপত্র গঠন এবং অন্যান্য সম্পর্কিত কার্যকারিতা সংগঠন।

**মনে রাখা :** এইগুলি শিক্ষামূলক কার্যকারিতা এবং অত্যাবশ্যক কার্যকারিতা।

## 2.4. পাঠদান এবং পরীক্ষামূলক পরীক্ষণ :

পরীক্ষণ পাঠদানের একটি অংশ। পরীক্ষণ একজন শিক্ষককে সমর্থ করে তোলে :

(i) তাঁর নিজস্ব শিক্ষাদান সম্পর্কিত সক্ষমতা এবং নিয়ন্ত্রণ সনাক্তকরণ।

(ii) শিক্ষার্থীর শিক্ষামূলক প্রগতি পরিমাপ করতে সাহায্য করে।

উপরিউক্ত দুটি বিষয় শিক্ষক হিসাবে আপনার জন্য ফিড্ব্যাক হিসাবে কাজ করে এবং এর ফলে আপনি সমর্থ হবেন সংশোধনমূলক উপযুক্ত কার্য প্রয়োগ করতে যার ফলে ভালো পাওয়া যাবে। আপনি এমন পরিবেশ সৃষ্টি করবেন যার ফলে শিক্ষার্থীদের মধ্যে প্রশ্নের জাগরণ ঘটবে যেটি সংকেতদান করবে যে শিক্ষার্থীরা শিখন প্রক্রিয়ার সঙ্গে সংযুক্ত। এছাড়া আপনি তাদের সরল এবং উচ্চপর্যায়ের প্রশ্ন জিজ্ঞাসা করবেন যেগুলি শিক্ষার্থীদের ধারণা গঠনের প্রক্রিয়ার সময় তাদের বোধগম্যতার স্তর পরিমাপ করতে সাহায্য করবে।

পাঠদান সমাপ্তিতে শিক্ষণীয় বিষয়বস্তুর উপর কিছু প্রশ্ন জিজ্ঞাসাবাদের প্রয়োজন। তাদের ধারণার বোধগম্যতাকে শক্তিশালী করবার জন্য গৃহকাজ দেওয়া হয়।

## 3.0. পরামর্শদাতা বা অবেক্ষকের দায়িত্ব এবং ভূমিকা :

অভ্যাসগত পাঠদানের অনুশীলনের ক্ষেত্রে পরামর্শদাতা বা অবেক্ষকের ভূমিকা হচ্ছে সত্যিকারের নির্দেশক। তাঁরা সমস্ত বিষয়টি পর্যবেক্ষণ করেন এবং আপনাকে অভ্যাসগত পাঠদানের বিভিন্ন দিক এবং স্তর সম্পর্কে সাহায্য করেন। পরামর্শদাতা এবং অবেক্ষক আপনার পাঠদানের ক্ষমতা এবং দক্ষতার পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করেন। ভাষা, গণিত, পরিবেশ বিজ্ঞান এবং সমাজ বিজ্ঞান বা বিজ্ঞান শিক্ষণের ক্ষেত্রে সাতটি পাঠ টীকার মধ্যে পাঁচটি পাঠটীকা পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করবেন। অবেক্ষক তিনটি পাঠ টীকার মধ্যে দুটি পাঠটীকা উপরি উল্লেখিত বিষয়ে পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করবেন।

পরামর্শদাতা বা অবেক্ষক আপনাকে সুনিশ্চিত করবে যে আপনি সমর্থ শিক্ষণ বিন্দু সনাক্তকরণে এবং শিখন উদ্দেশ্যসমূহ সংগঠন করতে যেগুলি আপনি পাঠদানের সময় শিখন অভিজ্ঞতার দ্বারা অর্জন করেছেন। যখন আপনি শিখন উদ্দেশ্য বলবেন তখন কোনরূপ অংক করো, পরীক্ষা করো, বলো, আলোচনা করা, বিবৃত করো, তুলনা করো, প্রদর্শন করো, দেখাও ইত্যাদি শব্দ ব্যবহার করবেন এবং জানা, বোঝা, প্রয়োগ, তারিফ করা ইত্যাদি শব্দ এড়িয়ে চলবেন কারণ এই ক্রিয়ারূপগুলি সরাসরি পর্যবেক্ষণমূলক বা পরীক্ষিত।

পরামর্শদাতা বা অবেক্ষক ফরম্যাট অনুযায়ী আপনাকে পাঠ পরিকল্পনা পদ্ধতিগতভাবে গঠন করতে সাহায্য করে। অর্জিত শিখন উদ্দেশ্যসমূহের সাহায্যে পাঠ প্রদান করতে আপনাকে নিশ্চিত করেন। সঠিক শিক্ষণ-শিখন উপকরণ (TLM) নির্বাচিত, প্রস্তুত এবং ব্যবহার করতে আপনাকে পরামর্শদাতা বা অবেক্ষকরা সাহায্য করেন। তাঁরা আপনাকে নির্দেশ প্রদান করেন যে কিভাবে শিখন কেন্দ্রিক দক্ষতা ব্যবহার করতে হবে। শিক্ষার্থীদের উৎসাহী করে তোলা, প্রশ্নকরণে ব্যস্ত

নোট

করা, পর্যবেক্ষণ করা, শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ের মধ্যে সংহতিকরণ করতে, উৎসাহদান করতে, উদ্দীপনা বৈচিত্র্য, শ্রেণীকক্ষ পরিচালনা করতে সাহায্য করেন যখন শিখন পরিস্থিতিতে শিক্ষার্থীরা সংযুক্ত থাকে।

**অভ্যাসগত পাঠদান পরিচালন পদ্ধতি :** নিম্নলিখিত বিষয়গুলিতে আপনি যত্ন নেবেন—

(i) আপনার বিদ্যালয়ের শ্রেণীকক্ষ পরিস্থিতিতে অভ্যাসগত পাঠদান অনুশীলন করতে হবে পরামর্শদাতা বা অবেক্ষকের নির্দেশ অনুযায়ী।

(ii) পরামর্শদাতা বা অবেক্ষকের সঙ্গে আলোচনা করে আপনি অভ্যাসগত পাঠদানের জন্য সময় তালিকা প্রস্তুত করবেন এবং পাঠ টীকা সেই অনুযায়ী প্রদান করবেন।

(iii) পরামর্শদাতা বা অবেক্ষকের সঙ্গে পাঠপরিকল্পনা আলোচনা করবেন এবং তাদের মতামত নেবেন।

(iv) তাঁরা পর্যবেক্ষণ করবেন কিভাবে আপনি বাস্তব শ্রেণীকক্ষে বিভিন্ন শিক্ষাদানের কার্যকারিতা সংগঠিত করেন। তাঁরা আপনার পাঠ পরিকল্পনার নোটবুকে তাদের পর্যবেক্ষণ লিখবেন TCMP (টিচিং কমপিটেনশি ম্যাপিং প্রোফাইল) প্রদেয় শিক্ষণ বিন্দুর পরিপ্রেক্ষিতে এবং পরামর্শদাতা এবং অবেক্ষকরা শ্রেণীর শেষে প্রত্যেকদিন ফিড্‌ব্যাক প্রদান করবেন এবং আলোচনা করবেন।

(v) পরামর্শদাতা বা অবেক্ষক সমগ্র পাঠ পর্যবেক্ষণ করবেন। মোট 40টি পাঠ টীকা 10টি পাঠ টীকা প্রত্যেক বিষয় এলাকা থেকে ভাষা, গণিত পরিবেশবিদ্যা, বিজ্ঞান, সমাজ বিজ্ঞান থেকে এবং একক বা বহু শ্রেণীকক্ষের পরিপ্রেক্ষিতে পাঠ টীকা প্রদান করতে হবে।

(vi) 28টি পাঠ টীকার মধ্যে 20টি (7টি পাঠ টীকা 4টি বিষয় এলাকা থেকে) পরামর্শদাতার দ্বারা পর্যবেক্ষিত হতে হবে। আপনার প্রদেয় অন্যান্য পাঠটীকাগুলি মূল্যায়ন করা হতে পারে অথবা নাও হতে পারে।

(vii) 12টি পাঠটীকার মধ্যে 8টি (3টি পাঠটীকা 4টি বিষয় এলাকা থেকে) অবেক্ষকের দ্বারা পর্যবেক্ষিত হয়। অন্যান্যগুলি মূল্যায়ন হতে পারে নাও হতে পারে।

(viii) 12টি পাঠটীকার মধ্যে 4টি পাঠটীকা আপনি বহুমুখী শ্রেণী পরিপ্রেক্ষিতে প্রদান করতে পারেন যেগুলি অবেক্ষকের দ্বারা প্রদান করা হয়।

## 4.0. প্রাথমিক স্তরে বহুমুখী শ্রেণী/মাল্টিগ্রেড শ্রেণীতে পাঠদান :

আপনি এমন বিদ্যালয়ে কাজ করবেন যেখানে শ্রেণী এবং শিক্ষকের অনুপাত 1:1 নয়। যেখানে পাঁচটি অথবা আটটি শ্রেণী এবং শিক্ষক সংখ্যা 5জন থেকে 8 জন। সেখানে আপনাকে এককভাবে একের অধিক শ্রেণীতে পাঠদান করতে হবে। এমন হতে পারে আপনাকে একই সময়ে 2 থেকে 3টি শ্রেণীতে পাঠদান করতে হবে যেখানে আপনার বহুমুখী শিক্ষণ দক্ষতা প্রয়োজন। আপনাকে এই ধরণে নুন্যতম 4টি শ্রেণীতে পাঠদান করতে হবে যেগুলি অবেক্ষকের দ্বারা পর্যবেক্ষিত হবে। যদি আপনার বিদ্যালয়ে এই ধরণের পরিবেশ না থাকে তাহলে আপনাকে কাছাকাছি একটি মাল্টিগ্রেড স্কুল সনাক্ত করতে হবে এবং অবেক্ষকের অধীনে প্রয়োজনীয় সংখ্যক পাঠ প্রদান করতে হবে।

নোট

## 4.1. মাল্টিগ্রেড/বহুমুখী শ্রেণী পরিপ্রেক্ষিতে পাঠ পরিকল্পনা পরিস্থিতি :

(i) পাঠক্রম রচয়িতাদের মতো আপনার কাজ করতে হবে।

(ii) পাঠ পরিকল্পনা আপনার উচিৎ প্রয়োজনীয় ব্যবহারযোগ্য সম্পদের প্রতি যত্নশীল হওয়া যেমন—পাঠ্যসূচী, শিক্ষক হ্যাণ্ডবুক, পাঠ্য বই এবং T.L.M (শিক্ষণ-শিখন উপকরণ)।

(iii) প্রত্যেকদিনের নোট, সাপ্তাহিক নোট, এবং সারা বছরের জন্য নোট প্রস্তুত প্রয়োজন।

(iv) যদি সম্ভব হয় আপনি সকল শ্রেণীর জন্য একটি বিষয়বস্তু নির্বাচন করবেন একটি সপ্তাহে একটি নির্দিষ্ট পিরিয়ডের জন্য।

(v) সমস্ত শেণীর জন্য একটি একইরকম কার্যাবলী পরিকল্পনা করা উচিৎ। উপযুক্ত বিষয়, একক নির্বাচনের মাধ্যমে।

(vi) একই রকম বিষয় বিভিন্ন স্তরের প্রত্যেক শ্রেণীর জন্য পরিকল্পনা করা উচিৎ।

(vii) ছোটো দলযুক্ত শিক্ষার্থীদের মধ্যে দলীয় কার্যাবলী নির্দিষ্ট করে দেওয়া প্রয়োজন।

## 5.0. মূল্য নির্ধারণ :

বিদ্যালয় ভিত্তির কার্যাবলীর মূল্য নির্ধারণের মতোই অভ্যাসগত পাঠদানে পরামর্শদাতা বা অবেক্ষক মূল্য নির্ধারণ করবেন। পূর্বেই উল্লেখ করা হয়েছে যে পরামর্শদাতা 28 পাঠটীকা পর্যবেক্ষণ করবেন এবং 20টি পাঠটীকা মূল্য নির্ধাণ করবেন TCMP অনুসারী 5-পয়েন্ট রেটিং স্কেলে। অবেক্ষক 8টি পাঠটীকার (2+2+2+2) গুণগত মানের মূল্য নির্ধারণ করবেন যার মধ্যে 4টি মাল্টিগ্রেড বা মাল্টিপেল পরিপ্রেক্ষিতে হ্যাণ্ডবুকের ফরম্যাট অনুযায়ী পর্যবেক্ষণ করা হবে।

পরামর্শদাতা এবং অবেক্ষকের মূল্যায়নের মধ্যে পার্থক্য থাকতে পাবে। সমস্ত পাঠটীকা প্রদানের উপর ভিত্তি করে রেটিং করা পাঠটীকাকে অবেক্ষক কিউমেলেটিভ রেটিং-এর দ্বারা গণনা করবেন (20+08=28) পাঠটীকা এবং শিক্ষক প্রশিক্ষণার্থীকে সামগ্রিক নম্বর দেবেন হ্যাণ্ডবুক উল্লেখিত নির্দেশনা অনুযায়ী অভ্যাসগত পাঠদানে মূল্যনির্ধারণের পরে সেটি পাঠদান কেন্দ্রে সমন্বয়কের কাছে জমা দিতে হবে। সমস্ত কর্মসূচী (PT) শেষ হবার পরে বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রত্যেক শিক্ষক-শিক্ষার্থীর অভ্যাসগত পাঠদান চলাকালীন প্রক্রিয়াভিত্তিক মূল্যায়ন রিপোর্ট রেটিং স্কেলে জমা দেবেন। প্রত্যেক শিক্ষক-প্রশিক্ষণার্থীকে অবেক্ষক এবং প্রধান শিক্ষক যে নম্বর দেবেন সেটি একসাথে তার অভ্যাসগত পাঠদানে চূড়ান্ত মূল্যায়ন হিসাবে বিবেচিত হবে। মূল্যায়ন সম্পূর্ণ হবার পরে, বিভিন্ন বিষয়ভিত্তিক পাঠটীকা শিক্ষক-প্রশিক্ষণার্থীদের নিকট ফেরত দেওয়া হয় যেগুলি কর্মশালা-II এর প্রথম দিনে যাচাই করা হয়।

শিক্ষক-প্রশিক্ষণার্থীকে নিম্নলিখিত মূল্যায়নের লক্ষণের ভিত্তিতে মূল্যায়ন করা হয়।

| | | |
|---|---|---|
| ● পাঠটীকা পরিকল্পনা | 20 | নম্বর |
| ● বিষয়ভিত্তিক সামর্থ | 15 | নম্বর |
| ● শিক্ষক নির্দেশিকা | 15 | নম্বর |
| ● পাঠে শিক্ষার্থীর অংশগ্রহণ এবং পরিচালনা | 15 | নম্বর |

- শিক্ষার্থী মূল্যায়ন 10 নম্বর
- বিদ্যালয় প্রধানের দ্বারা অভ্যাসগত পাঠদান মূল্যায়ন 25 নম্বর

মোট 100×2=200 নম্বর

**অভ্যাসগত পাঠদানের সময় পাঠ টীকা প্রদান**

| বিষয়ের নাম দিন | পরামর্শদাতার দ্বারা মূল্যায়ন করা পাঠটীকার সংখ্যা | অবেক্ষকের দ্বারা মূল্যায়ন করা পাঠটীকার সংখ্যা | মোট পাঠটীকা |
|---|---|---|---|
| ভাষা | 7 টির মধ্যে 5টি | 3টির মধ্যে 2টি | 10 |
| গণিত | 7টির মধ্যে 5টি | 3টির মধ্যে 2টি | 10 |
| পরিবেশবিদ্যা | 7টির মধ্যে 5টি | 3টির মধ্যে 2টি | 10 |
| বিজ্ঞান/সমাজ বিজ্ঞান | 7টির মধ্যে 5টি | 3টির মধ্যে 2টি | 10 |
| মোট | 28টির মধ্যে 20টি | 12টির মধ্যে 8টি | 40 |

**সাধারণ পাঠটীকার বিন্যাস**

A. শিক্ষানবিশ শিক্ষক/শিক্ষিকার নাম : ..........................................
   ক্রমিক সংখ্যা : ..........................................
   বিদ্যালয়ের নাম : ..........................................
   তারিখ : ..........................................
   শ্রেণী : ..........................................
   বিষয় : ..........................................
   বিশেষ বিষয় : ..........................................
   ব্যাপ্তি : ..........................................

B. শিক্ষণ বিন্দু : ..........................................

C. শিখনের উদ্দেশ্যসমূহ : ..........................................
   (কাঙ্খিত শিখনের ফলাফল)

D. পূর্বজ্ঞান : ..........................................

E. শিখনের ক্ষেত্রে ব্যবহারযোগ্য সম্পদের : ..........................................
   পরিকল্পনা

F. শিখন কৌশল : ..........................................

G. ভূমিকা : ..........................................

নোট

H. বিষয়বস্তুভিত্তিক উপকরণের উপস্থাপন, কৃণেফলকে এবং সার সংক্ষেপ : ..........................................

I. অভীক্ষা পদ/প্রশ্নকরণ গৃহকাজ : ..........................................

J. রেখারেন্স : ..........................................

K. পাঠটীকা প্রদান : ..........................................

| Steps<br>ধাপসমূহ | শিক্ষণ বিন্দু | শিখন কার্যকারিতা | কৃণেফলকের ব্যবহার/<br>অভীক্ষার পাদস্তম্ভ 2 |
|---|---|---|---|
| (1) ভূমিকা<br>(2) উপস্থাপন<br>(3) মূল্যায়ন গৃহকাজ<br>(4) রেফারেন্স | | | |

সাধারণ পাঠ পরিকল্পনার বিন্যাসের ব্যবহার

1. নাম : আপনার নাম লিখুন
2. বিদ্যালয় : আপনার বিদ্যালয়ের নাম লিখুন
3. তারিখ : পাঠটীকা প্রদানের তারিখ
4. শ্রেণী : যে শ্রেণীতে পাঠদান করা হবে সেটি উল্লেখ করতে হবে।
5. বিষয় : যে বিষয় পাঠদান করা হবে তার নাম।
6. বিশেষ বিষয় : শ্রেণীকক্ষে যে বিষয়টি উপস্থাপন করা হবে সেটিকে নির্দিষ্ট করতে হবে।
7. শিক্ষণ বিন্দু : শিখনের বিষয়বস্তুর মূল কেন্দ্রটিকে সনাক্ত করতে হবে।
8. শিখনের উদ্দেশ্যসমূহ : শিখন পরিস্থিতিতে যে উদ্দেশ্যগুলি অর্জন করা হবে।
9. পূর্বাজিত জ্ঞান : বিষয়বস্তু পড়ানোর পূর্বে শিক্ষার্থীদের সেই বিষয়বস্তুর পরিপ্রেক্ষিতে পূর্বজ্ঞান যাচাই করতে হবে।
10. শিখন উপযোগী ব্যবহারযোগ্য সম্পদ : শিক্ষণ-শিখন উপকরণ ব্যবহার করতে হবে শিখনে ধারণার স্পষ্টতার জন্য।
11. শিখন প্রতিক্রিয়া কৌশল : পাঠটীকা পরিকল্পনার সময় পদ্ধতি বা কৌশল উল্লেখ করা থাকবে। আরোহী-অবরোহী, অনুসন্ধানমূলক প্রকল্প, সমস্যা সমাধান, সমবেত বা সহযোগিতামূলক পদ্ধতি ইত্যাদি। তবে প্রজ্ঞামূলক দৃষ্টিভঙ্গীর পরিপ্রেক্ষিতে পদ্ধতি বা কৌশল নির্বাচন করা হবে।

| | | |
|---|---|---|
| 12. ভূমিকা | : | পূর্বজ্ঞান সংক্রান্ত যাচাইকরণের পর আপনি পাঠটীকা সংক্রান্ত কিছু বিষয় উপস্থাপন করবেন যার ফলে শিক্ষার্থীরা পাঠের প্রতি আগ্রাহান্বিত হয়ে উঠবে। |
| 13. উপস্থাপন | : | সূচনার পরে আপনি যৌক্তিকভাবে বা পর্যায়ক্রমিকভাবে বিষয়বস্তুর উপর পাঠদান করবেন শিখন বিন্দুকে কেন্দ্র করে এবং সঠিক কৌশল অবলম্বন করবেন যাতে শিক্ষার্থীদের নিজস্ব জ্ঞান বৃদ্ধি পায়। |
| (a) নিরবিচ্ছিন্ন শিখন কর্মসূচী | : | শিক্ষার্থীর সক্রিয়তা শিক্ষণ-শিখন উপকরণ এবং মূল্যায়ন পদসমূহ সংক্ষেপে তালিকাভুক্ত করতে হবে। পাঠটীকা সংগঠনে মিথোস্ক্রিয়ার জায়গা রাখতে হবে যেখানে শিক্ষার্থীরা সহপাঠীদের এবং শিক্ষকদের প্রশ্নকরণের মাধ্যমে তাদের বিষয় সংক্রান্ত ধারণা স্পষ্ট করতে পারবে। এমন শিখন পরিস্থিতি সৃষ্টি করতে হবে যেটি শিক্ষার্থীদের নিজেদের জ্ঞান বৃদ্ধি করতে সাহায্য করবে। |
| (b) ব্ল্যাকবোর্ড/কৃষ্ণফলক সংক্ষিপ্তকরণ | : | শিক্ষার্থীদের থেকে শিখনের শেষে সংক্ষিপ্ত সারাংশ উদ্ভাবিত হবে। |
| 14. মূল্যায়ন | : | উদাহরণ সহযোগে ব্যাখ্যা করতে হবে কিভাবে শ্রেণীকক্ষে শিক্ষণীয় বিষয় বাস্তব জীবনে কার্যকরী হয়ে ওঠে। |
| (a) গৃহকাজ | : | শিক্ষার্থীদের বিষয়বস্তু সম্পর্কিত গৃহকাজ দিতে হবে। এটি এমনভাবে দিতে হবে যাতে শিক্ষার্থীরা বই দেখে টুকতে না পারে। সমাপ্তিতে আপনি প্রত্যেকটি পাঠ নোট বুকের প্রত্যেকটি পরিকল্পনায় সাক্ষর করবেন। |
| 15. রেফারেন্সসমূহ | : | পাঠটীকা প্রদান করার সময় রেফারেন্স হিসাবে আপনি যে পাঠ্য পুস্তক এবং অন্যান্য বই ব্যবহার করেছেন সেগুলির উল্লেখ করতে হবে। |

## অভ্যাসগত পাঠদানের পর্যবেক্ষণ

দয়া করে নোট করুন : অভ্যাসগত পাঠদান চলাকালীন সমস্ত কার্যকারিতা অবেক্ষকের দ্বারা মূল্যায়ন করা হয়। পরামর্শদাতার অথবা তার নিজের পর্যবেক্ষণের মন্তব্যের উপর ভিত্তি করে করা হয়।

সামর্থ্য—

TCMP (টিচিং কম্পিটেন্সি ম্যাপিং প্রোফাইল)

নোট

**নির্দেশনা**

- এই প্রোফাইলে পরিকল্পনার উপর পদসমূত্র এবং শিখন পরিস্থিতি।
- প্রত্যেকটি পরিকল্পনা এবং শিখন পরিস্থিতিতে একে অপরের সঙ্গে সম্পর্কযুক্ত।
- প্রত্যেকটি পদ তার বিশেষীকরণের দিকে বিশ্লেষণ করা হয়।
- উল্লেখিত 5 পয়েন্ট রেটিং স্কেল দ্বারা প্রত্যেকটি পদকে মূল্যায়িত করা হয়।
- শিক্ষকের দ্বারা তৈরী বিশেষ ?? পরিস্থিতি পর্যবেক্ষণ এবং
- সমস্ত পদের মূল্য রেটিং যোগ করা।
- রেটিং স্কোরের যোগফলকে পদের সংখ্যা দ্বারা ভাগ করা।
- স্কোরের গড়মান শিক্ষকের শিক্ষকতার কর্মকুশলতার সম্পূর্ণ মানচিত্রে নির্দেশ করে।

শিক্ষানবিশ শিক্ষক/শিক্ষিকা..................................

ক্রমিক সংখ্যা.......................................................

শ্রেণী.............................বিষয়................................বিশেষ বিষয়................................

তারিখ...........................মূল্যায়কের নাম......................................

## শিখন সামর্থ্যের মানচিত্রের প্রোফাইল

| | |
|---|---|
| কর্মস্থানের নাম : | |
| শিক্ষক-প্রশিক্ষণার্থীর নাম : | শ্রেণী.................................... |
| ক্রমিক সংখ্যা : | বিষয়..................................... |
| অবেক্ষকের/পরামর্শদাতার নাম : | বিশেষ বিষয়.......................... |
| বিভিন্ন দিক/উপাদান | রেটিং (5-উৎকৃষ্ট, 4-খুব ভালো, 3-ভালো, 2-মোটামুটি, 1-অসন্তোষজনক) |

| 1 | 2 | | | | |
|---|---|---|---|---|---|
| **1. পাঠ পরিকল্পনা** | | | | | |
| 1. শিখনের উদ্দেশ্যসমূহ (প্রজ্ঞা গঠনের জন্য শিক্ষার্থীর ক্ষমতার বিবরণ, বিষয়ের সঙ্গে প্রাসঙ্গিক, শিক্ষার্থীর সামর্থ এবং সময় অনুযায়ী পর্যাপ্ততা) | 5 | 4 | 3 | 2 | 1 |
| 2. বিষয় (শিক্ষণ বিন্দু এবং পূর্বার্জিত জ্ঞান) যথার্থ এবং স্পষ্টতা, শিখনের সময় এর শিক্ষার্থীর সামর্থ অনুযায়ী পর্যাপ্ততা | 5 | 4 | 3 | 2 | 1 |
| 3. শিখন কার্যকারিতা : (যথার্থ, কার্যকরী, বৈচিত্র্য মৌলিকত্ব) | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 4. মূল্যায়ন : গঠনমূলক এবং কর্মসমাপ্তিতে মূল্যায়ন (স্পষ্টতা এবং যথার্থতা, বণ্টন, পুনঃ সমীক্ষা, অ্যাসাইনমেন্ট) | 5 | 4 | 3 | 2 | 1 |
| **II. শিখন পরিস্থিতি** | | | | | |
| **A. বিষয় সামর্থ** | | | | | |
| 1. পাঠসূচনা পূর্ববর্জিত : জ্ঞান পরীক্ষণ এবং আগ্রহী করা। | 5 | 4 | 3 | 2 | 1 |
| 2. পাঠের উন্নয়ন (সঠিক শিক্ষণ কৌশল ব্যবহার, বিষয়কে সঠিকভাবে এবং স্পষ্ট করে সাধারণীকরণ যৌক্তিক এবং ক্রমানুযায়ী সজ্জিতভাবে রক্ষণাবেক্ষণ, জোন এব দক্ষতা প্রয়োগের সুযোগ, সঠিক মাধ্যমের ব্যবহারে উৎসাহী করা, কাজ এবং উদ্দেশ্যের গুরুত্ব অনুযায়ী সময়সীমা নির্ধারণ। | 5 | 4 | 3 | 2 | 1 |
| 3. বিষয় সম্পর্কিত আত্মবিশ্বাস | 5 | 4 | 3 | 2 | 1 |
| **B. শিক্ষক নির্দেশিকা** | | | | | |
| 1. শিক্ষার্থীর দ্বারা বিভিন্ন বিষয়ের মধ্যে সম্পর্ক স্থাপন (বিভিন্ন উদাহরণের সাহায্যে সিদ্ধান্তে পৌঁছতে আগ্রহান্বিত করে তোলা, প্রদর্শনের সময় প্রক্রিয়া এবং কাঠামো আহরণ করতে শিক্ষক/শিক্ষার্থীকে সাহায্য করা, স্পষ্ট এবং সাবলীলভাবে বলতে প্রেরণা দেওয়া উদ্দীপন বৈচিত্র্যের উপর জোর দেওয়া, শিক্ষার্থীর দ্বারা ঘটনার পর্যবেক্ষণে সাহায্য করা। | 5 | 4 | 3 | 2 | 1 |
| 2. শিক্ষার্থীদের প্রশ্নকরণে আগ্রহী করে তোলা (স্পষ্ট, যুক্তিযুক্ত, চিন্তনের জন্য শিক্ষার্থীদের সাহায্য করা, শিক্ষার্থীদের উত্তরদানে তৎপর করে তোলা, তথ্য আহরণ, সহপাঠী এবং শিক্ষকদের সচেতনতামূলক প্রশ্নের প্রতি পুনঃ আলোকপাত করা)। | 5 | 4 | 3 | 2 | 1 |
| 3. শিক্ষণ-শিখন উপকরণের ব্যবহার (শ্রেণীর আকার অনুযায়ী যথার্থ উপকরণের | 5 | 4 | 3 | 2 | 1 |

নোট

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ব্যবহার, ধারণামূলক স্পষ্টতা আনার জন্য শিক্ষার্থীদের উপকরণ ব্যবহারের সুযোগ দিতে হবে, উপকরণের যথার্থতা, চিত্র, স্কেচ এবং লেবেল করা শিক্ষার্থীদের শেখানো। পরিষ্কার পরিচ্ছন্নভাবে ধারাবাহিকতা রক্ষা করে উপযুক্ত পঙ্‌ক্তি ও ব্যবধান রক্ষা করে লিখতে সাহায্য করা। | | | | | |
| C. | পাঠে শিক্ষার্থীদের অংশগ্রহণ এবং পরিচালনা | | | | | |
| 1. | শিক্ষার্থীর অংশগ্রহণ (বিভিন্ন উদ্দীপকের প্রতি, শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ, উত্তরদানমূলক এবং প্রেরণামূলক বক্তব্যের দ্বারা প্রশ্ন করতে শিক্ষার্থীদের আগ্রহী করে তোলা এবং বাচনিক ও অবাচনিক ইঙ্গিত ব্যবহার, দলীয় কার্যাবলী এবং উৎসাহদান)। | | | | | |
| 2. | সমাপ্তিকরণ পাঠ (পাঠের প্রধান অংশগুলি পর্যালোচনা, শিক্ষার্থীদের বর্তমান শিখনের সাথে পূর্বের এবং ভবিষ্যতের শিখনের সম্পর্ক স্থাপন, শিক্ষার্থীদের অধিক তথ্য সংগ্রহ এবং অবাঞ্ছিত বিষয় দূরীকরণ করার সুযোগ দেওয়া। শিক্ষার্থীদের কার্য সম্পাদনের মনোভাব গড়ে তোলা)। | 5 | 4 | 3 | 2 | 1 |
| 3. | শ্রেণীকক্ষ পরিচালনা (নিরবিচ্ছিন্ন অংশগ্রহণের জন্য উৎসাহদান, গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি এবং দলীয় মনোভাব সৃষ্টি, ব্যক্তি বৈষম্য এবং শিক্ষার্থীর সমস্যার মোকাবিলা করা)। | 5 | 4 | 3 | 2 | 1 |
| **D.** | **শিক্ষার্থীর মূল্যায়ন** | 5 | 4 | 3 | 2 | 1 |
| 1. | মূল্যায়ন (সমস্ত স্তরে শিখন সমস্যা শনাক্তকরণ। প্রত্যেকটি শিক্ষণ বিন্দুর বোধগম্যতা, সমগ্র উদ্দেশ্য উপলব্ধি করা ও নিশ্চিত করা। | | | | | |

নোট

2. ফলোআপ 5 4 3 2 1
(সঠিক কাজ প্রদানের দ্বারা ফলোআপ)

অবেক্ষক/পরামর্শদাতার সাক্ষর

**মোট নম্বর-75**

**বিদ্যালয় প্রধানের দ্বারা অভ্যাসগত পাঠদানের প্রগতির মূল্যায়নের রিপোর্ট**

শিক্ষানবিশ শিক্ষক/শিক্ষিকার নাম :

ক্রমিক সংখ্যা :

বিদ্যালয়ের নাম এবং ঠিকানা :

5-পয়েন্ট স্কেলে প্রশিক্ষণার্থীর নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি মূল্য নির্ধারণ প্রয়োজন।

1. নিয়মানুবর্তিতার পরিপ্রেক্ষিতে ব্যক্তিগত বৈশিষ্ট্য, কর্মোদ্যোগ, শ্রেণী পরিচালনার ক্ষমতা, বিদ্যালয়ের কর্মীদের সাথে সম্পর্ক-স্থাপন, সহযোগিতা বিদ্যালয়ে বিশেষ কর্মসূচীতে অংশগ্রহণ, জনসেবামূলক কাজ ইত্যাদি। 5 4 3 2 1

2. বিদ্যালয়ে সহপাঠক্রমিক কার্যাবলীতে অংশগ্রহণ যেমন—খেলাধূলা, এবং ক্রীড়া, সাংস্কৃতিক কার্যাবলী, শিক্ষামূলক কাজ, যেমন—বিজ্ঞান/সমাজ বিজ্ঞান/ সাক্ষরতা খেলা এবং ক্লাব সংক্রান্ত কার্যাবলী ইত্যাদি।

3. বিদ্যালয়ের কার্যাবলীতে অংশগ্রহণ শ্রেণী, পরীক্ষাগার এবং পাঠাগার সংক্রান্ত কার্যাবলীর ব্যবস্থাপনা।

4. শিক্ষণ : পাঠে অংশগ্রহণ, শ্রেণীকক্ষে শিখন পরিস্থিতি সৃষ্টি করা।

5. মৌলিকত্ব এবং অভিনবত্ব গৃহকাজ সংশোধন, পরীক্ষা করা এবং রিপোর্ট করা, অধ্যবসায়, মৌলিকত্ব এবং অভিনবত্ব। 5 4 3 2 1

25 নম্বরের মধ্যে সমস্ত নম্বর।

বিদ্যালয়ের প্রধানের
সীল সহ স্বাক্ষর